দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN. 23 1999
পৃষ্ঠা 9 কলাম ৬

340

## কলেজ সরকারীকরণের আবেদন

হবিগঞ্জ জেলার নবীগঞ্জ থানাকে ইতিমধ্যেই পৌরসভা ও উপজেলায় রূপান্তর করা হইয়াছে। এখানে শিক্ষার হার প্রায় ৪৪%। এখানকার নবীগঞ্জ কলেজ ১৯৭৭ সালে স্থাপিত হয়। বর্তমানে অত্র কলেজের ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় দেড় হাজার। প্রতি বৎসর ৫/৬ শত ছাত্র-ছাত্রী উক্ত কলেজ হইতে পাস করিয়া বাহির হয়। কলেজটি রাজনীতিমুক্ত বিধায় এখানে শিক্ষার মান অনেক ভাল। কিন্তু পরিতাপের বিষয় যে, ইতিপূর্বে কলেজটির সরকারীকরণের আশ্বাস পাওয়া গেলেও আজও তাহার বাস্তবায়ন হয় নাই। এমতাবস্থায় মাননীয় প্রধানমন্ত্রীর নিকট বিনীত আবেদন এই যে, নবীগঞ্জ কলেজকে সরকারীকরণের উদ্যোগ নেওয়া হউক।

মোঃ জিতু আহমেদ জীবন,
নবীগঞ্জ মহাবিদ্যালয়, হবিগঞ্জ